

# যায়যায়দিন

০১ FEB 2007  
সন্তা ২২ ক্ষেত্র ৭

চলাচল  
৮

## ছাত্রদল নেতাদের মারধর জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির ৯ ছাত্রলীগ নেতাকর্মীকে শোকজ

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি প্রশাসন উপাচার্যের কর্মে জোর করে চুকে ছাত্রদলের শীর্ষ নেতাদের মারধরের ঘটনায় জড়িত নয়।

ছাত্রলীগ নেতাকর্মীর প্রতি গতকাল বৃত্তবার শোকজ নোটিশ পাঠিয়েছে। নোটিশে

তিনিদিনের মধ্যে তাদের এ ঘটনার কারণ দর্শাতে বলা হয়েছে।

গত সোমবার ছাত্রলীগ সভাপতি সোহেল পারভেজ ও সাধারণ সম্পাদক মাহমুদ নাসের জনির নেতৃত্বে ২০-২৫ ছাত্রলীগ নেতাকর্মী জোর করে উপচার্য খন্দকার মুন্ডিদুর বহমানের খাস কামরায় চুকে উপচার্যের

সঙ্গে সাক্ষাৎ করতে যাওয়া ছাত্রদল সহসভাপতি জহিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক নাজমুল হাসান অভিক্ষে মারধর করে।

এ ঘটনায় প্রটোর অফিস গতকাল বৃত্তবার নয় ছাত্রলীগ নেতাকর্মীর নামে শোকজ নোটিশ পাঠিয়ে তাদের তিনিদিনের মধ্যে জবাব দিতে বলেছে। শোকজ পাওয়া ছাত্রলীগ নেতাকর্মীরা হলেন ছাত্রলীগ সভাপতি সোহেল পারভেজ, সাধারণ সম্পাদক মাহমুদ নাসের জনি, আবদুল মতিন বাণী, জাহিদ পারভেজ পুলক, সজীব, আবদুল হাসি শরিফ মিন্ট, দীপু এবং সফিউল্লাহ সুজন।